বিষয়ঃ কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২০-২০২১) এর দ্বিতীয় কোয়ার্টারের সভার কাযপত্র ।

সভাস্থল : কমিটি কক্ষ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর
তারিখ : ১০ নভেম্বর ২০২০
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত

অদ্য ১০ নভেম্বর ২০২০ তারিখ, ২:৩০ মিনিটে কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২০-২০২১) এর দ্বিতীয় কোয়ার্টারের সভা কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে অবস্থিত কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটির আহবায়ক সবাইকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করার জন্য উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্টকে আহবান জানান। সদস্য সচিব তদানুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন ।

(ক) আলোচ্য বিষয়:

উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট সভায় অবহিত করেন যে, কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় (২০২০-২০২১) সময়াবদ্ধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, ইতোমধ্যে গৃহীত কর্মপরিকল্পনার একাংশ বাস্তবায়িত হলেও এর অবশিষ্ট কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত করতে হবে। গৃহীত কাযক্রম বাস্তবায়ন প্রক্রিয়ার সাথে ব্যক্তি, শাখা ও বিভাগসমুহের সক্রিয় অংশগ্রহণ একান্ত প্রয়োজন। সভাপতি মহোদয় প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সময়াবদ্ধ কার্যক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট বলেন যে, কোম্পানির জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় কোয়ার্টারে অংশীজনের অংশগ্রহণে একটি সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) বলেন, অংশীজনের অংশগ্রহণে সভাটি চলতি মাসে অথবা পরবর্তী মাসের প্রথম দিকে কোম্পানির কোন একটি গ্যাস ফিল্ডে কিংবা বাপেক্স এর যেকোন একটি গ্রাহক কোম্পানিতে আয়োজন করা যেতে পারে।

মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী কোম্পানির প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় এবং গ্যাস ফিল্ডে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক শ্লোগান সম্পর্কীত এক্স ব্যানার বিতরণ/স্থাপন করার উদ্যোগ নেয়া প্রয়োজন।

সংশ্লিষ্ট কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট বলেন, চলতি অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পুস্তক আকারে বাঁধাই করে মহাব্যবস্থাপকবৃন্দের অনুকুলে প্রেরণ করা হয় এবং তদানুযায়ী স্ব-স্ব বিভাগকে কার্যসম্পাদন করতঃ প্রতিমাসে এতদসংক্রান্ত প্রতিবেদন মহাব্যবস্থাপক (প্রশাসন) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সকল বিভাগ থেকে আশানুরূপ কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পরিলক্ষিত না হওয়ায় গত মাসিক সমন্বয় সভায় শুদ্ধাচার কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে পরবর্তীতে মহাব্যবস্থাপকগণের সমন্বয়ে একটি পৃথক সভা আয়োজনের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। উপর্যুক্ত বিষয়ে বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ
০১	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা	*চলতি মাসে অথবা পরবর্তী মাসের প্রথম দিকে কোম্পানির কোন একটি গ্যাস ফিল্ডে কিংবা বাপেক্স এর কোন একটি গ্রাহক কোম্পানিতে অংশীজনের সভা আয়োজন করা হবে।*	নৈতিকতা কমিটি
০২	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক শ্লোগান সম্পর্কিত এক্স বেনার বিতরণ/স্থাপন	*কোম্পানির প্রধান ও আঞ্চলিক কার্যালয় এবং গ্যাস ফিল্ডে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক শ্লোগান সম্পর্কিত এক্স বেনার বিতরণ/স্থাপন করার জন্য তৈরি করা হবে।*	নৈতিকতা কমিটি
০৩	সকল মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধানদের সমন্বয়ে সভা আহ্বান	*কোম্পানির জন্য প্রণীত শুদ্ধার কৌশল কর্মপরিকল্পনা (২০২০-২০২১) যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল মহাব্যবস্থাপক/ বিভাগীয় প্রধানদের সমন্বয়ে একটি সভা আহ্বান করা হবে।*	মহাব্যবস্থাপক (প্রশাসন)

(খ) সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

১০/১১/2020
(মোঃ সরওয়ার হামিদ)
ব্যবস্থাপক (ভূতত্ত্ব)
সদস্য

১০/১১/২০২০
(মোহাম্মদ কামরুজ্জামান)
উপমহাব্যবস্থাপক (ক্রয়)
সদস্য

১০/১১/২০২০
(কাজী মাহবুবুল আলম)
উপ-মহাব্যবস্থাপক
(এইচআরএম)
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট

(মোহাম্মদ আহসানুল আমিন)
উপমহাব্যবস্থাপক (আইসিটি)
সদস্য

১০/১১/২০২০
(মোঃ আব্দুর রউফ)
মহাব্যবস্থাপক (প্রকৌশল)
সদস্য

১০/১১/২০২০
(এস.এম. তারিকুল ইসলাম)
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)
সদস্য

১০.১১.২০২০
(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
আহ্বায়ক

বিষয়: ১০ নভেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত দ্বিতীয় কোয়ার্টারের সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা বিবরণী।

ক্রমিক নম্বর	কর্মকর্তার নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মোহাম্মদ আবুল বশর, মহাব্যবস্থাপক (প্রশাসন)	১০.১১.২০২০
২	জনাব এস, এম, তারিকুল ইসলাম, মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)	১০/১১/২০
৩	জনাব মোহাম্মদ আহসানুল আমিন, উপমহাব্যবস্থাপক (আইসিটি)	
৪	জনাব মোঃ আব্দুর রউফ, ~~উপমহাব্যবস্থাপক (যান্ত্রিক/তড়িৎ)~~ প্রধান প্রকৌশলী	১০/১১/২০২০
৫	জনাব কাজী মাহবুবুল আলম, উপমহাব্যবস্থাপক (এইচআরএম)	১০/১১/২০২০
৬	জনাব মোহাম্মদ কামরুজ্জামান, উপমহাব্যবস্থাপক (ফিল্ড ম্যানেজমেন্ট)	১০/১১/২০২০
৭	জনাব মোঃ সরওয়ার হামিদ, ব্যবস্থাপক (ভূতত্ত্ব), ভূতাত্ত্বিক বিভাগ	১০/১১/২০